



নং-৭৪১/ক/বী/২০১৫/ ২৬০০

তারিখ: ১২/০১/২০২৩

বিষয় : প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০২৬.১৭.(অংশ).৩৩৯

তারিখ: ১২.১২.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলাধীন “উত্তর লক্ষর চালা উচ্চ বিদ্যালয় ও কলেজ”-এর প্রথম অস্থায়ী স্বীকৃতি নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫ তারিখ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য প্রদান করা হলো।

**শাখাসমূহ:**

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

আবশ্যিক :

- ১। বাংলা
- ২। ইংরেজি
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক শাখা :

- ১। পৌরনীতি ও সুশাসন
- ২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
- ৩। সমাজকর্ম
- ৪। ভূগোল

ব্যবসায় শিক্ষা শাখা :

- ১। হিসাব বিজ্ঞান
- ২। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
- ৩। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
- ৪। কৃষি শিক্ষা

বিজ্ঞান শাখা :

- ১। পদার্থ বিজ্ঞান
- ২। রসায়ন
- ৩। জীব বিজ্ঞান
- ৪। উচ্চতর গণিত

শর্তসমূহ :

শর্তসমূহ :

- ১। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। কলেজের সাধারণ তহবিলে কমপক্ষে ২০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না;
- ৩। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ৪। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- ৫। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৬। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৭। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৮। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ৯। কোন শর্ত প্রতিপালনের ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
- ১০। কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্নিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে;
- ১১। প্রতি পঞ্চাব্দে প্রতি ০৩ (তিন) মাসে গভর্নিং বডির নূন্যতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে;
- ১২। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে;

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

—*স্বাক্ষর*—

- ১৩। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে;
- ১৪। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান ( নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা - ২০২২ অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।
- ১৫। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
- (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
- (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
- (গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ০২-৫৮৬১২৪৭৬  
ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ/সভাপতি


উত্তর লক্ষর চালা উচ্চ বিদ্যালয় ও কলেজ [EIIN: 109087]  
কালিয়াকৈর, গাজীপুর।


মেমো নং- ২৬০০ (১)

তারিখ: ২২/০১/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি

  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

——